



প্রেস বিজ্ঞপ্তি

উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসানের সঙ্গে নোবিপ্রবি উপাচার্যের সাক্ষাত

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন এবং পানিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসানের সঙ্গে সৌজন্য সাক্ষাত করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। রবিবার (২২ সেপ্টেম্বর ২০২৪) রাতে নোয়াখালী সার্কিট হাউজের সম্মেলন কক্ষে এ সাক্ষাত অনুষ্ঠিত হয়। এসময় পানি সম্পদ সচিব নাজমুল আহসান ও নোয়াখালী জেলা প্রশাসক খন্দকার ইসতিয়াক আহমেদ উপস্থিত ছিলেন।

সাক্ষাতকালে নোবিপ্রবি উপাচার্য বিশ্ববিদ্যালয়ের পানিতে প্রকট লবণাক্ততার কারণে শিক্ষার্থীদের স্বাস্থ্যে এর ক্ষতিকর প্রভাবের কথা উপদেষ্টার নিকট তুলে ধরেন। এ সময় নোবিপ্রবি উপাচার্য লবণাক্ততা দূরীকরণে উপদেষ্টার অধীন মন্ত্রণালয় থেকে একটি প্রকল্প প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানান। পাশাপাশি নোবিপ্রবিতে পরিযায়ী পাখির অভয়ারণ্য গড়ে তুলতে সরকারের সহযোগিতা চান।

এ সময় উপদেষ্টা নোবিপ্রবির পানিতে লবণাক্ততা দূরীকরণ ও পরিযায়ী পাখির অভয়ারণ্য গড়ে তুলতে দুটি পৃথক প্রকল্প প্রদানে আশ্বাস প্রদান করেন।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪